# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


| কর্মচারী পরিদপ্তর<br>ওয়াপদা ভবন (১১ তলা),<br>মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ | | ফোন ঃ ০২৯৫৬২৩৩৮<br>ফ্যাক্স ঃ ০২৯৫৬৪৭৬৩ |
|---|---|---|


স্মারক নং- ২২৯-পাউবো(কপ)/বি-১/শা-১/১বন-২০৬৫/২০১৮ তারিখঃ ৩০ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ১৪ জুলাই, ২০১৯ খ্রি.

জনাব এ. টি. এম. বজলে করিম
সহকারী প্রকৌশলী (পুর)
লালমনিরহাট পওর বিভাগ,
বাপাউবো, লালমনিরহাট।

**গোপনীয়**

বিষয়ঃ দায়িত্বে অবহেলার জন্য কৈফিয়ত তলব প্রসঙ্গে।

আপনি জনাব এ. টি. এম. বজলে করিম, সহকারী প্রকৌশলী (পুর) বর্তমানে লালমনিরহাট পওর উপ-বিভাগ এর অতিরিক্ত দায়িত্বে কর্মরত আছেন। বর্তমানে আপনার কর্ম এলাকায় বন্যা পরিস্থিতির অবনতি দেখা দিয়েছে। এক্ষেত্রে মাঠ পর্যায়ে/দুর্গত এলাকায় উপস্থিত থেকে স্থানীয় প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে পরিস্থিতি মোকাবেলা সহ বাপাউবোর্ডের স্থাপনাসমূহ রক্ষা করা আপনার দাপ্তরিক দায়িত্ব। কিন্তু, উক্ত দায়িত্ব পালনে আপনার প্রত্যক্ষ/যথাযথ কর্মতৎপরতা পরিলক্ষিত হচ্ছে না। আপনার এহেন কার্যকলাপ বাপাউবোর্ডের চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর ৪৮ (ক) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। আপনার এহেন কার্যকলাপের জন্য কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তাঁর জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো।

এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

(সামীমা আক্তার)
উপ-পরিচালক-১
কর্মচারী পরিদপ্তর, পাউবো, ঢাকা।

স্মারক নং- ২২৯/১(৬)-পাউবো(কপ)/বি-১/শা-১/১বন-২০৬৫/২০১৮ তারিখঃ ৩০ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ১৪ জুলাই, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১, বাপাউবো, রংপুর।
৫। ব্যক্তিগত সহকারী, পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট। বর্ণিত কর্মকর্তার দাখিলকৃত জবাব মতামতসহ অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

(মোঃ মনিরুজ্জামান)
সহকারী পরিচালক-১
কর্মচারী পরিদপ্তর, পাউবো, ঢাকা।

F:\Resignation\Letter.doc